



অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, এন্টি টেররিজম ইউনিট (এটিইউ)

এবং

ইন্সপেক্টর জেনারেল অব বাংলাদেশ পুলিশ

এর মধ্যে স্বাক্ষরিত

বার্ষিক কর্মসম্পাদন চুক্তি

০১ জুলাই ২০২২ - ৩০ জুন ২০২৩

এন্টি টেররিজম ইউনিট বাংলাদেশ পুলিশের আধুনিক প্রযুক্তি নির্ভর ও গোয়েন্দা তথ্য ভিত্তিক একটি স্বতন্ত্র ও স্বয়ংসম্পূর্ণ বিশেষায়িত ইউনিট। সহিংস উগ্রবাদের বিস্তার এবং এর রোধকল্পে গঠিত বিশেষায়িত এই ইউনিটটি শুরু থেকেই অত্যন্ত আন্তরিকতার সাথে কাজ করে আসছে। এটিইউ জঙ্গীবাদ নির্মূলে বিধিমালা অনুযায়ী গোয়েন্দা তথ্য সংগ্রহ, জঙ্গী সংশ্লিষ্ট মামলার তদন্ত কার্যক্রম সহ মামলার প্রসিকিউশন ফলোআপ, অভিযান পরিচালনা ও জঙ্গী বিরোধী সচেতনতামূলক কার্যক্রম পরিচালনা করছে। বাংলাদেশ সরকারের মাননীয় প্রধানমন্ত্রীর সন্ত্রাস ও জঙ্গীবাদের বিরুদ্ধে জিরো টলারেন্স নীতির ভিত্তিতে প্রযুক্তি নির্ভর গোয়েন্দা তথ্য ব্যবহারের মাধ্যমে বাংলাদেশকে নিরাপদ করার অভিপ্রায়ে এটিইউ কাজ করছে।

২০২২-২৩ অর্থবছরের সম্ভাব্য প্রধান অর্জনসমূহ :

- ১। উগ্রবাদ, সহিংস উগ্রবাদ ও সন্ত্রাসবাদ নিয়ন্ত্রণে আগাম তথ্য সংগ্রহ, অনুসন্ধান ও অভিযান পরিচালনা
- ২। দায়েরকৃত মামলাসমূহের যথাযথ তদন্ত প্রক্রিয়া সম্পন্নকরণ, নথি সংরক্ষণ ও ফলোআপ
- ৩। সাইবার অপরাধ ও জঙ্গি অর্থায়ন প্রতিরোধে এর সনাক্তকরণ ও আইনানুগ ব্যবস্থা গ্রহণ
- ৪। উগ্রবাদ, সহিংস উগ্রবাদ ও সন্ত্রাসবাদ নিয়ন্ত্রণে গণমাধ্যমের ব্যবহার জোরদার করা ও জনসচেতনতা বৃদ্ধিমূলক কার্যক্রম গ্রহণ
- ৫। বাৎসরিক ক্রয় পরিকল্পনা, ভূমি অধিগ্রহণ প্রক্রিয়া বাস্তবায়ন, অবকাঠামোগত উন্নয়ন ও সংস্কার এবং পর্যাপ্ত সংখ্যক বিশেষায়িত প্রশিক্ষণ প্রদান

প্রাতিষ্ঠানিক দক্ষতা বৃদ্ধি, স্বচ্ছতা ও জবাবদিহিতা জোরদার করা, সুশাসন সংহতকরণ এবং সম্পদের যথাযথ ব্যবহার নিশ্চিতকরণের মাধ্যমে রূপকল্প ২০৪১ এর যথাযথ বাস্তবায়নের লক্ষ্যে-

অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, এন্টি টেররিজম ইউনিট (এটিইউ)

এবং

ইন্সপেক্টর জেনারেল অব বাংলাদেশ পুলিশ এর মধ্যে ২০২২ সালের জুন মাসের ১৯ তারিখে

এই বার্ষিক কর্মসম্পাদন চুক্তি স্বাক্ষরিত হয়।

আমি অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, এন্টি টেররিজম ইউনিট, ঢাকা হিসেবে ইন্সপেক্টর জেনারেল অব বাংলাদেশ পুলিশ এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে সচেষ্ট থাকব।

আমি, ইন্সপেক্টর জেনারেল অব বাংলাদেশ পুলিশ হিসেবে অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল, এন্টি টেররিজম ইউনিট, ঢাকা এর নিকট অঙ্গীকার করছি যে, এই চুক্তিতে বর্ণিত ফলাফল অর্জনে প্রয়োজনীয় সহযোগিতা প্রদান করব।


স্বাক্ষরিত :



মোঃ কামরুল আহসান, বিপিএম (বার)
অ্যাডিশনাল ইন্সপেক্টর জেনারেল
এন্টি টেররিজম ইউনিট

1 9 JUN 2022

তারিখ



ড. বেনজীর আহমেদ, বিপিএম (বার)
ইন্সপেক্টর জেনারেল অব পুলিশ, বাংলাদেশ

1 9 JUN 2022

তারিখ